

উত্তরবঙ্গ

পুস্তকের অভাবে
৫০ হাজার
ছাত্র-ছাত্রীর
পড়াশুনা
বন্ধ

নাটোর (রাজশাহী), ২০শে
জুন (নিজস্ব সংবাদদাতা)—পাঠ্য-
পুস্তকের অপর্യാপ্ত সরবরাহে
নাটোর মহকুমার প্রাথমিক বিদ্যালয়-
সমূহের প্রথম, দ্বিতীয় ও তৃতীয়
শ্রেণীর প্রায় ৫০ হাজার ছাত্র-
ছাত্রী অস্তাবধি লেখাপড়া শুরু
করিতে পারে নাই। এদিকে
আর কয়েকদিন পর তাহাদের
ষাণ্মাসিক পরীক্ষা শুরু হইতেছে।

মহকুমার প্রাথমিক বিদ্যালয়-
গুলিতে উল্লিখিত তিনটি শ্রেণীতে
৯১ হাজার ৮ শত ১৭ জন
ছাত্র-ছাত্রী রহিয়াছে। চলতি
বৎসর ঐ সমস্ত ছাত্র-ছাত্রীর মধ্যে
বিনামূল্যে পাঠ্যবই বিতরণের
সরকারী সিদ্ধান্তের প্রেক্ষিতে
নাটোর মহকুমায় এ পর্যন্ত দুই
কিস্তিতে মোট ৪৫ হাজার ৪৪৫
সেট পুস্তক প্রেরণ করা হইয়াছে।
ফলে এখনও ৪৬ হাজার ৩৭১
জন ছাত্র-ছাত্রী তাহাদের পুস্তক
(৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

পুস্তক অভাবে

(৮ম পৃঃ পর)

পায় নাই। এব্যাপারে মহকুমা
প্রাথমিক শিক্ষা অফিসের সহিত
যোগাযোগ করিয়া জানা যায়,
তাহাদের উদ্ভবতন কতৃপক্ষের
নিকট প্রেরিত ছাত্র-ছাত্রীদের
পরিমাণ নাকি বেশী করিয়া
দেখানো হইয়াছে। ফলে কতৃ-
পক্ষ অধিক পরিমাণ পুস্তক প্রেরণ
করিয়াছে।

এদিকে নাটোর প্রধান ডাক-
ঘরে গত বৎসরের অধিকৃত প্রায়
দেড় লক্ষ টাকা মূল্যের পাঠ্যবই
মজুত রহিয়াছে। সম্প্রতি এই বই
ছাত্র-ছাত্রী ও পুস্তক ব্যবসায়ীদের
নিকট বিক্রয়ের জন্য সরকারী
অনুমোদন পাওয়া গিয়াছে, কিন্তু
এ পর্যন্ত মাত্র ১০ হাজার টাকা
মূল্যের বই বিক্রয় করা সম্ভব
হইয়াছে, বিক্রয়ের নির্দেশ
অত্যন্ত বিলম্বে আসায় ক্রেতাগণ
ইতিমধ্যে বাজার হইতে তাহাদের
বই সংগ্রহ করিয়াছে এবং ১ম, ২য়
ও ৩য় শ্রেণীর পাঠ্যবই বিনামূল্যে
পাওয়া যাইবে বিধায় ক্রেতাগণ
উহা ক্রয় করিতে উৎসাহী
হইতেছে না।

রামগড়ে বিনামূল্যে

পোশাক বিতরণ

রামগড় (পার্বত্য চট্টগ্রাম)

হইতে আমাদের নিজস্ব সংবাদ-
দাতা জানান, মহকুমায় মোট
দেড় হাজার পোশাক দ্বিতীয়
শ্রেণীর ছাত্রীদের মধ্যে বিতরণ
করা হয়। গত ৪ঠা জুন মহকুমা
প্রশাসক রামগড় বালিকা প্রাথ-
মিক বিদ্যালয়ে ও রামগড় প্রাথ-
মিক বিদ্যালয়ে পোশাক বিতরণ
করেন।

২-১-৬/৪১...
...কলা...৩...

001